এডিপি অগ্রাধিকার
অতি জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা।

নং-২০.০৬.০০০০.৬১৪.১৪.১৯৪.১৮/ ১৫

তারিখ ঃ ২৩ ফাল্গুন, ১৪২৪ / ০৭ মার্চ, ২০১৮

**বিষয় ঃ ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়নের নির্দেশিকাঃ**

'রূপকল্প-২০২১' এর প্রধান লক্ষ্য হচ্ছে উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে মাথাপিছু আয় বৃদ্ধি করে দারিদ্র হার হ্রাসের মাধ্যমে জনগণের জীবনমান উন্নয়ন এবং ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে উত্তরণ। এ লক্ষ্য অর্জনের দীর্ঘ মেয়াদি প্রেক্ষিত-পরিকল্পনা (২০১০-২০২১) প্রণয়ন করে তার মধ্য মেয়াদি কৌশল ও লক্ষ্য এবং এমডিজি'র উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের উপায় নির্ধারণ করে ৬ষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১০-২০১৫) বাস্তবায়ন করা হয়। এ পরিকল্পনা মেয়াদে বাংলাদেশ নিম্ন মধ্যম আয়ের দেশের কাতারে উন্নীত হয় এবং বেশির ভাগ এমডিজি লক্ষ্যের চেয়ে বর্ধিত হারে অর্জনের মাধ্যমে বিশেষ করে দারিদ্র হার হ্রাসে সফল হয়ে বাংলাদেশ বিশ্বে অনন্য দৃষ্টান্ত স্থাপন করে।

১.২। পরবর্তীকালে, অর্থনৈতিক ও আর্থ-সামাজিক উন্নয়নের সাফল্যের ধারাবাহিকতায় ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০২০) প্রণয়ন করে তাতে এমডিজি উত্তর জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ (এসডিজি'স) অন্তর্ভুক্ত করে ২০২১ সালের পূর্বেই মধ্যম আয়ের দেশে রূপান্তরের উন্নয়ন নীতি-কৌশল ও লক্ষ্যসমূহ নির্ধারণ করা হয়েছে। দীর্ঘ মেয়াদি পরিকল্পনা এবং মধ্য মেয়াদি কৌশল ও লক্ষ্য বাস্তবায়নে সরকারের অন্যতম প্রধান মাধ্যম হচ্ছে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)। এ লক্ষ্যে ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়ন কাজের সূচনা করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি'র অন্যতম প্রধান উদ্দেশ্য হচ্ছে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজি লক্ষ্যসমূহের সাথে সামঞ্জস্যপূর্ণ করে অগ্রাধিকার খাতসমূহে পর্যাপ্ত সম্পদ বরাদ্দ প্রদানের মাধ্যমে উচ্চহারে প্রবৃদ্ধি অর্জন, কর্মসংস্থান সৃষ্টি, মানব সম্পদ উন্নয়ন, কৃষি উন্নয়ন, পরিবহণ, ভৌত ও গ্রামীণ অবকাঠামো উন্নয়ন, স্বাস্থ্য খাতের উন্নয়ন, নারী উন্নয়ন, ইত্যাদিসহ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ এবং মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্য অর্জন। ২০১৮-১৯ অর্থ বছরের এডিপি প্রণয়নকালে সেক্টরওয়ারী বরাদ্দ বিভাজন, অনুমোদিত প্রকল্প, বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প, নিজস্ব অর্থায়নের প্রকল্প, পিপিপি প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তিকরণসহ প্রকল্পের বরাদ্দ প্রস্তাব প্রেরণ ও অনুমোদনের ক্ষেত্রে নিম্নে বর্ণিত প্রক্রিয়া/নীতিমালা অনুসরণ করতে হবেঃ

০২। **এডিপির আকার ও অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টর/প্রকল্পওয়ারী বরাদ্দ বিভাজন এবং অনুমোদন প্রক্রিয়াঃ**

২.১ জারীকৃত এডিপি নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট সকল সংস্থা, মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভূক্তিযোগ্য বরাদ্দবিহীন অননুমোদিত প্রকল্পের প্রস্তাব পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগে প্রেরণ করবে। সেক্টর বিভাগসমূহ প্রাপ্ত প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করে মতামতসহ কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। পরবর্তীতে আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির সভার মাধ্যমে অননুমোদিত প্রকল্পের সংখ্যা নির্ধারণ করা হবে।

২.২ জারীকৃত এডিপি নীতিমালা অনুযায়ী বাস্তবায়নকারী সংশ্লিষ্ট সকল সংস্থা, মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে ২০১৮-১৯ অর্থ বছরের প্রকল্পওয়ারী বরাদ্দের প্রাথমিক চাহিদা পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহে প্রেরণ করবে। সেক্টর বিভাগসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাথে আলোচনা, যৌক্তিকতা ও কর্মপরিকল্পনা পরীক্ষা নিরীক্ষাপূর্বক প্রয়োজনে পরিবর্তন/সংশোধন করতঃ প্রকল্পওয়ারী প্রাথমিক বরাদ্দ চাহিদা (১ম কলনোটিশে) কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। এছাড়া সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক তাদের আওতাধীন উন্নয়ন সহায়তা খাতসমূহের অনুকূলে প্রাথমিক বরাদ্দ চাহিদা কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। কার্যক্রম বিভাগ কর্তৃক সেক্টর বিভাগ ও মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত এডিপি বরাদ্দের প্রাথমিক চাহিদা অর্থ বিভাগকে অবহিত করা হবে।

২.৩ অর্থ বিভাগের বাজেট মনিটরিং ও সম্পদ কমিটি স্থিতিশীল সামষ্টিক অর্থনৈতিক অবস্থার ধারাবাহিকতা বজায় রেখে উচ্চতর হারে প্রবৃদ্ধি অর্জন, মূল্যস্ফিতি, সরকারি ও বেসরকারি বিনিয়োগ চাহিদা, স্থানীয় সম্পদ আহরণের গতিধারা, বৈদেশিক সাহায্য প্রাপ্তি ও এর ব্যবহারের সক্ষমতা এবং সর্বোপরি অগ্রাধিকার খাতসমূহের চাহিদা, ইত্যাদি বিবেচনায় নিয়ে এডিপি'র মোট আকার নির্ধারণ করে। এর পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র উৎসওয়ারী অর্থায়ন (স্থানীয় মুদ্রা ও প্রকল্প সাহায্য) পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগকে অবহিত করবে। এছাড়া, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ সেক্টর/সাব-সেক্টর ও প্রকল্পওয়ারী প্রকল্প সাহায্য, জাপান ঋণ মওকুফ তহবিল, ডিআরজিএ ও ডিআরজিএ-সিএফ বরাদ্দ নির্ধারণপূর্বক তা কার্যক্রম বিভাগকে অবহিত করবে।

২.৪ কার্যক্রম বিভাগ কর্তৃক অর্থ বিভাগ ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে প্রাপ্ত এডিপি'র মোট আকার ও প্রকল্প সাহায্যের প্রস্তাব, সেক্টর বিভাগ হতে প্রাপ্ত চলমান/নতুন প্রকল্পসমূহের প্রাথমিক চাহিদা, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, সেক্টরাল অগ্রাধিকার ও প্রকল্পের গুরুত্ব, ইত্যাদি বিবেচনা করতঃ ১৭টি অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টরওয়ারী এবং উন্নয়ন সহায়তা খাতসমূহে বরাদ্দ বিভাজন করে তা পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহকে অবহিত করা হবে। পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগসমূহ অর্থনৈতিক সেক্টর/সাব-সেক্টরসমূহের বরাদ্দ বিভাজন বিবেচনায় রেখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, বাস্তবায়নকারী সংস্থা ও সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে প্রকল্পওয়ারী বরাদ্দ প্রস্তাব (২য় কলনোটিশে) কার্যক্রম বিভাগে প্রেরণ করবে। পরবর্তীতে কার্যক্রম বিভাগ কর্তৃক সেক্টর বিভাগ হতে প্রাপ্ত প্রকল্পওয়ারী বরাদ্দ প্রস্তাবসমূহ এবং মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত উন্নয়ন সহায়তা বরাদ্দ প্রস্তাব ও তথ্যাদি সংকলন করে খসড়া এডিপি প্রণয়ন করা হবে। উক্ত খসড়া এডিপি বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় পেশ করে সুপারিশ গ্রহণপূর্বক অনুমোদনের জন্য জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় উপস্থাপন করা হবে।

## ০৩। <u>২০১৮-১৯ অর্থ বছরের এডিপি প্রণয়ন বিষয়ে সাধারণ নীতিমালাঃ</u>

(১) শুধু অনুমোদিত প্রকল্প বরাদ্দসহ এডিপিতে অন্তর্ভুক্ত করা হবে। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন আদেশ জারী ব্যতিরেকে কোন প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;

(২) সম্পদের সুষ্ঠু ব্যবহার ও কাঙ্খিত সুফল প্রাপ্তি বিবেচনায় এডিপিতে নতুন প্রকল্প গ্রহণের চেয়ে চলমান প্রকল্প যথাসময়ে সমাপ্ত করার ওপর সবিশেষ গুরুত্ব দিতে হবে। ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ চিহ্নিত করে তালিকা সন্নিবেশিত করা হবে;

(৩) পরিকল্পনা শৃঙ্খলা ও বাজেট ব্যবস্থাপনার স্বার্থে ২০১৭-১৮ অর্থ বছরের আরএডিপিতে সমাপ্তির জন্য নির্ধারিত কোন প্রকল্প ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না। এছাড়া, আগামী ৩০ জুন, ২০১৮ তারিখে মেয়াদ উত্তীর্ণ কোন প্রকল্প মেয়াদ বৃদ্ধি ব্যতিরেকে ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;

(৪) এডিপিতে অন্তর্ভুক্তির জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন উন্নয়ন সহায়তা খাতসমূহের অনুকূলে পূর্ববর্তী বছরগুলোর বরাদ্দ ও অগ্রগতি বিবেচনায় নিয়ে নির্ধারিত ছকে বাস্তবভিত্তিক বরাদ্দ প্রস্তাব করতে হবে;

(৫) স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য গৃহীত অনুমোদিত প্রকল্পসমূহের বরাদ্দ প্রস্তাব প্রেরণ করতে হবে যা বরাদ্দসহ এডিপিতে পৃথক তালিকায় অন্তর্ভুক্ত করা হবে;

(৬) এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প এবং বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পের দুটি তালিকা সংযুক্ত করা হবে;

(৭) এডিপি'তে পৃথক তালিকা হিসেবে সংযুক্তির জন্য অনুমোদিত/বাস্তবায়নাধীন Public Private Partnership (PPP) প্রকল্পের একটি তালিকা প্রেরণ করতে হবে;

## ০৪। <u>২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে বরাদ্দবিহীন নতুন প্রকল্প অন্তর্ভুক্তির নীতিমালাঃ</u>

(১) ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার অভিষ্ট ও লক্ষ্যমাত্রা অর্জন বিশেষ করে আয় বৈষম্য হ্রাসে উল্লেখযোগ্য অগ্রগতিসহ দারিদ্র নিরসন, জিডিপি'র প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ, কর্মসংস্থান সৃজন, মানব সম্পদ উন্নয়ন (শিক্ষা, স্বাস্থ্য ও জনসংখ্যা), কৃষি, শিল্প ও সেবা খাতে প্রবৃদ্ধি, নগর উন্নয়ন, বিদ্যুৎ, জ্বালানী ও অবকাঠামো উন্নয়ন, আইসিটি উন্নয়ন, পানি ও পয়ঃনিষ্কাশন উন্নয়ন, জেন্ডার সমতা, আয় বৈষম্য ও সামাজিক সুরক্ষা, পরিবেশগত টেকসহিতা, ইত্যাদি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে প্রকল্প/কর্মসূচি গ্রহণ করতে হবে।

(২) পরিকল্পনা কমিশন কর্তৃক প্রণীত Mapping of Ministries by Targets in the Implementation of SDGs aligning with 7th Five Year Plan অনুসারে এসডিজি এর লক্ষ্যসমূহ অর্জনকে অগ্রাধিকার প্রদান করতে হবে;

(৩) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার Allocation of Business বিবেচনাপূর্বক নতুন প্রকল্পের প্রস্তাব করতে হবে। কোন নির্দিষ্ট এলাকায়/অঞ্চলে এক বা একাধিক সংস্থা কর্তৃক উন্নয়ন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে দ্বৈততা পরিহার করতে হবে এবং এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের বিষয়টি বিবেচনায় রাখতে হবে;

(৪) উন্নয়নের মূল ধারায় জলবায়ু পরিবর্তনকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে জলবায়ু পরিবর্তন অভিযোজন ও প্রশমনের সাথে সম্পৃক্ত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে এবং Bangladesh Climate Change Strategy and Action Plan (BCCSAP)-এ বর্ণিত ৬টি থিমেটিক এরিয়ার সাথে গৃহিত প্রকল্পের সম্পৃক্ততা উল্লেখ করতে হবে ;

(৫) দেশের বিভিন্ন এলাকায় নদী ভাঙ্গন ও জলাবদ্ধতা রোধে নদী ড্রেজিং, নদী শাসন ও রক্ষণাবেক্ষনের লক্ষ্যে পরিবেশ ও প্রতিবেশের (Ecology) বিষয়টি বিবেচনায় রেখে সমন্বিত প্রকল্প গ্রহণের বিষয়ে অগ্রাধিকার দিতে হবে;

(৬) ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সফটওয়্যার শিল্প ও তথ্য প্রযুক্তি সেবা বিকাশের মাধ্যমে রপ্তানী বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিমূলক প্রকল্প গ্রহণে বিশেষ গুরুত্ব দিতে হবে;

(৭) সরকারি ও বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে/উদ্যোগে গৃহীত প্রকল্পের সহায়ক (Link Project) নতুন প্রকল্প অগ্রাধিকার পাবে। বেসরকারি উদ্যোগে বাস্তবায়ন করার সম্ভাবনা রয়েছে এমন প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে;

(৮) ২০১৭-১৮ অর্থ বছরের এডিপি/আরএডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পসমূহ ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে স্বয়ংক্রিয়ভাবে অন্তর্ভুক্ত হবে না। জাতীয় অগ্রাধিকার (সর্বোচ্চ অগ্রাধিকার, মধ্যম অগ্রাধিকার ও কম অগ্রাধিকার) ও সম্পদের সীমাবদ্ধতা বিবেচনাপূর্বক যৌক্তিকতাসহ নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির জন্য পুনঃ প্রস্তাব করতে হবে;

(৯) নতুন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্পের ডিপিপি/টিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণে অগ্রসর পর্যায়ে রয়েছে এমন (অর্থাৎ পিইসি/এসপিইসি/ডিপিইসি/ডিএসপিইসি সভায় সুপারিশকৃত, পরিকল্পনা কমিশন পর্যায়ে প্রক্রিয়াধীন, মন্ত্রণালয়ের যাচাই-বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত, ইত্যাদি) প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করে ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে নতুন প্রকল্প হিসেবে প্রস্তাব করা যেতে পারে।

(১০) যেসব প্রকল্প ইতোপূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বা পরিকল্পনা কমিশন কর্তৃক প্রক্রিয়াকরণ করার জন্য বিবেচিত হয়নি সেসব প্রকল্প পুনরায় অন্তর্ভুক্তির প্রস্তাব পরিহার করতে হবে;

(১১) সড়ক, শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল নির্মাণসহ যেকোন ধরণের আবাসিক/অনাবাসিক ভবন, ভৌত ও নির্মাণধর্মী প্রকল্প গ্রহণে কৃষি জমির ব্যবহার যথাসম্ভব পরিহার করতে হবে এবং জমির ব্যবহার ন্যূনতম পর্যায়ে রাখতে হবে। নতুন প্রকল্প গ্রহণের সময় যথাসম্ভব ইতোপূর্বে অধিগ্রহণকৃত কিন্তু অব্যবহৃত জমি (অন্য মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন হলেও) কিংবা খাস জমি ব্যবহারের প্রস্তাব করতে হবে;

০৫। **<u>২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে প্রকল্পভিত্তিক অর্থ বরাদ্দ প্রদানের নীতিমালাঃ</u>**

(১) শুধু অনুমোদিত প্রকল্প এডিপিতে বরাদ্দসহ অন্তর্ভুক্তির প্রস্তাব করতে হবে;

(২) জাতীয় গুরুত্বপূর্ণ, বৈদেশিক সাহায্যপুষ্ট, ২০১৮-১৯ অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত এবং দ্রুত অগ্রগতি সম্পন্ন প্রকল্পে বরাদ্দ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;

(৩) বৈদেশিক সাহায্যপুষ্ট (সাহায্য চুক্তি স্বাক্ষরিত/সাহায্য প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গিকারপ্রাপ্ত) প্রকল্পের ক্ষেত্রে আলোচ্য অর্থ বছরে প্রাপ্য বৈদেশিক সাহায্য ব্যবহারের লক্ষ্যে পরিপূরক স্থানীয় মুদ্রা (Matching Fund) বরাদ্দের প্রস্তাব অগ্রাধিকার পাবে;

(৪) চলতি প্রকল্পসমূহের সর্বশেষ অনুমোদিত প্রাক্কলিত ব্যয় এবং ক্রমপুঞ্জিত অগ্রগতি/ব্যয়ের ভিত্তিতে সম্ভাব্য যৌক্তিক ব্যয় বিবেচনায় ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে বরাদ্দের প্রস্তাব করতে হবে। প্রাপ্ত সম্পদের ভিত্তিতে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সাথে আলোচনাপূর্বক প্রকল্পওয়ারী বরাদ্দ প্রস্তাব করতে হবে;

(৫) এলাকা/অঞ্চল ভিত্তিক সুষম উন্নয়নের লক্ষ্যে এডিপিতে গৃহীত প্রকল্পসমূহে বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে;

(৬) চলতি উন্নয়ন প্রকল্পের সময়ানুগ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় স্থানীয় মুদ্রার বরাদ্দ নিশ্চিতকরণের পরই কেবল অপরিহার্য নতুন অনুমোদিত প্রকল্পের জন্য স্থানীয় মুদ্রার বরাদ্দ প্রস্তাব করতে হবে। এছাড়া নতুন প্রকল্পের জন্য 'অননুমোদিত প্রকল্পের বরাদ্দ' খাতে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে;

(৭) সরকারের আমদানী শুল্ক ও মূল্য সংযোজন করের (CD/VAT) নির্ধারিত হার এবং আমদানী মূল্যের বৈদেশিক মুদ্রার বিনিময় হার (Exchange Rate) অনুসারে সিডিভ্যাট বাবদ প্রয়োজনীয় বরাদ্দের প্রস্তাব করতে হবে;

(৮) মধ্যমেয়াদী বাজেট কাঠামো (MTBF) এর আওতায় প্রতিটি মন্ত্রণালয়/বিভাগকে প্রাক্কলিত ব্যয়সীমা (Estimated Expenditure Ceiling) এর মধ্যে সীমিত থেকে সামঞ্জস্যপূর্ণভাবে প্রকল্পের স্থানীয় মুদ্রা এবং প্রকল্প সাহায্য বরাদ্দের প্রস্তাব করতে হবে;

(৯) এডিপি বরাদ্দের জিওবি বা টাকা অংশে (কলাম নং-১৩) নগদ বৈদেশিক মুদ্রার প্রয়োজন হলে এ প্রস্তাব এডিপি ছকের 'অন্যান্য' কলামে (কলাম নং-১৮) প্রতিফলিত করতে হবে;

(১০) প্রকল্প সাহায্য, নগদ বৈদেশিক মুদ্রা এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের যাবতীয় হিসাব ইআরডি হতে প্রাপ্ত সর্বশেষ বিনিময় হারে (এক মার্কিন ডলার সমান ৮৪.০০ টাকা) করতে হবে।

০৬। উপর্যুক্ত নীতিমালার আলোকে এডিপিতে প্রধান কর্মসূচির (JDCF অর্থায়নে বাস্তবায়িতব্য প্রকল্পসহ) আওতাভুক্ত বিনিয়োগ প্রকল্প প্রস্তাব সংযুক্ত **ছক-'ক'**, কারিগরি সহায়তা প্রকল্প প্রস্তাব **ছক-'খ'**, স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প তালিকা **ছক-'গ'**, বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব (বিনিয়োগ) **ছক 'ঘ-১'** ও সংক্ষিপ্ত-সার **ছক 'ঘ-২'**, বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব **ছক 'ঙ-১'** ও সংক্ষিপ্ত-সার **ছক 'ঙ-২'**, Public Private Partnership (PPP) প্রকল্পের তালিকা **ছক 'চ-১'** ও সংক্ষিপ্ত সার **ছক 'চ-২'**, সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পের তালিকা **ছক-'ছ'**, শূন্য বরাদ্দ/স্থগিত/বাদপড়া/অন্য প্রকল্পের সাথে একীভূত প্রকল্পের তালিকা **ছক-'জ'** প্রেরণ করতে হবে (হার্ড ও সফট কপিসহ নিকস ফন্টে)। এছাড়া, উন্নয়ন সহায়তা খাতের বরাদ্দ প্রস্তাবের জন্য আলাদা ছক পরবর্তীতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হবে। তথ্যাবলী প্রেরণের সময়সূচি নিম্নরূপ:

| তথ্যাবলীর বিবরণ | প্রেরণের তারিখ | | |
|---|---|---|---|
| | সংস্থা থেকে মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | মন্ত্রণালয়/বিভাগ থেকে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগে প্রেরণ | সেক্টর বিভাগ থেকে কার্যক্রম বিভাগে প্রেরণ |
| উপরোল্লিখিত ৬ নং অনুচ্ছেদে বর্ণিত ছক- 'ঘ-১', 'ঘ-২', 'ঙ-১' এবং 'ঙ-২' এর তথ্যাবলী (হার্ড ও সফট কপি নিকস ফন্টে) | ১৮/০৩/২০১৮ | ২০/০৩/২০১৮ | ২৫/০৩/২০১৮ |
| উপরোল্লিখিত ৬ নং অনুচ্ছেদে বর্ণিত ছক- 'ক', 'খ', 'গ', 'চ-১', 'চ-২', 'ছ' এবং 'জ' এর তথ্যাবলী (হার্ড ও সফট কপি নিকস ফন্টে) | ১৮/০৩/২০১৮ | ২০/০৩/২০১৮ | ২৫/০৩/২০১৮ |

৭। উপরোক্ত নীতিমালা (অনুচ্ছেদ ১-৫) এবং অনুচ্ছেদ-৬ এ বর্ণিত সময়সূচি অনুসারে ২০১৮-১৯ অর্থ বছরের এডিপি'র জন্য চাহিত তথ্যাদি এতদসঙ্গে সংযুক্ত নির্ধারিত ছকে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো (পরিকল্পনা বিভাগের ওয়েবসাইট www.plandiv.gov.bd এ এডিপি প্রণয়নের নির্দেশিকা দ্রষ্টব্য)।

০৭.০৩.১৮
(মোঃ জিয়াউল ইসলাম)
সদস্য, কার্যক্রম বিভাগ
পরিকল্পনা কমিশন

**প্রাপক ঃ সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব**

**------------------------------------------------------- মন্ত্রণালয়/বিভাগ।**

-------------------------------------------------------

নং-২০.০৬.০০০০.৬১৪.১৪.১৯৪.১৮/১৫

তারিখ ঃ ২৩ ফাল্গুন, ১৪২৪ / ০৭ মার্চ, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ

১। সকল সদস্য, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। সকল প্রধান, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩। যুগ্ম-প্রধান (সংশ্লিষ্ট), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

নং-২০.০৬.০০০০.৬১৪.১৪.১৯৪.১৮/১৫

তারিখ ঃ ২৩ ফাল্গুন, ১৪২৪ / ০৭ মার্চ, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ

মেয়র/ভাইস চ্যান্সেলর/চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক/মহাব্যবস্থাপক/পরিচালক ----------
-------------------------------------------------------------------------------------------------------।

০৭.০৩.১৮
(প্রশান্ত কুমার চক্রবর্তী)
যুগ্ম-প্রধান
ফোন ঃ ৯১১৫৭৪৮

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা, (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব,------------------------------------------------------------ (মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫। সিনিয়র সচিব/সচিব এর একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ/অর্থ বিভাগ/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ/পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

০৭.০৩.১৮
(প্রশান্ত কুমার চক্রবর্তী)
যুগ্ম-প্রধান
ফোন ঃ ৯১১৫৭৪৮

ছক-'ক'

# ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (বিনিয়োগ/প্রধান কর্মসূচি)

**সেক্টর ঃ**

**সাব-সেক্টর ঃ**

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদনের পর্যায় | প্রকল্পের ব্যয় | | ২০১৭-২০১৮ অর্থ বছরের সংশোধিত বরাদ্দ | | ২০১৭-১৮ অর্থ বছরের (জুলাই -ফেব্রুয়ারি) প্রকৃত ব্যয় | | ফেব্রুয়ারি, ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রস্তাবিত বরাদ্দ | | | | | | | প্রকল্প সাহায্যের উৎস |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুদ্রা) | প্রকল্প সাহায্য (টাকাংশ) | মোট | টাকা | মোট (বৈঃ মুঃ) | টাকা | মোট | টাকা | মোট | টাকা (রাজস্ব) | ব্যয় খাত: মূলধন (টাকাংশ) | ব্যয় খাত: রাজস্ব | আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বাবদ বরাদ্দ | প্রকল্প সাহায্য (টাকাংশ) | অন্যান্য | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| সংস্থাঃ | | | | | | | | | | | | | | | | | | |

**চলতি প্রকল্প ঃ**

**নতুন প্রকল্প ঃ**

ছক-'খ'

# ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (কারিগরি সহায়তা)

**সেক্টর ঃ**

**সাব-সেক্টর ঃ**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদনের পর্যায় | প্রকল্পের ব্যয় | | ২০১৭-২০১৮ অর্থ বছরের সংশোধিত বরাদ্দ | | ২০১৭-১৮ অর্থ বছরের (জুলাই -ফেব্রুয়ারি) প্রকৃত ব্যয় | | ফেব্রুয়ারি, ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রস্তাবিত বরাদ্দ | | | | | | | প্রকল্প সাহায্যের উৎস |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুদ্রা) | প্রকল্প সাহায্য (টাকাংশ) | মোট | টাকা | মোট (বৈঃ মুঃ) | টাকা | মোট | টাকা | মোট | টাকা (রাজস্ব) | ব্যয় খাত: মূলধন (টাকাংশ) | ব্যয় খাত: রাজস্ব | আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বাবদ বরাদ্দ | প্রকল্প সাহায্য (টাকাংশ) | অন্যান্য | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| সংস্থাঃ | | | | | | | | | | | | | | | | | | |

**চলতি প্রকল্প ঃ**

**নতুন প্রকল্প ঃ**

# ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (স্বায়ত্তশাসিত সংস্থা/কর্পোরেশনের নিজস্ব অর্থায়ন)

সেক্টর ঃ

সাব-সেক্টর ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদনের পর্যায় | প্রকল্পের ব্যয় | | ২০১৭-২০১৮ অর্থ বছরের সংশোধিত বরাদ্দ | | ২০১৭-১৮ অর্থ বছরের (জুলাই -ফেব্রুয়ারি) প্রকৃত ব্যয় | | ফেব্রুয়ারি, ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রস্তাবিত বরাদ্দ | | | | | | | প্রকল্প সাহায্যের উৎস |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুদ্রা) | প্রকল্প সাহায্য (টাকাংশ) | মোট | টাকা | মোট (বৈঃ মুঃ) | টাকা | মোট | টাকা | মোট | টাকা (রাজস্ব) | ব্যয় খাত | | আমদানী শুল্ক ও মূল্য সংযোজন কর বাবদ বরাদ্দ | প্রকল্প সাহায্য (টাকাংশ) | অন্যান্য | |
| | | | | | | | | | | | | | মূলধন (টাকাংশ) | রাজস্ব | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| সংস্থাঃ | | | | | | | | | | | | | | | | | | |

চলতি প্রকল্প ঃ

নতুন প্রকল্প ঃ

‘ঘ-১’

## ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প প্রস্তাব (বিনিয়োগ)

সেক্টর ঃ

সাব-সেক্টর ঃ

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ঃ

সংস্থা ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম ও (বাস্তবায়নকাল) | প্রকল্পের ব্যয় | | | প্রকল্প সাহায্যের উৎস | * অনুমোদন পর্যায়সহ মন্ত্রণালয়/বিভাগের মতামত | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগের মতামত [জাতীয় অগ্রাধিকারসহ (সর্বোচ্চ/মধ্যম/কম)] |
|---|---|---|---|---|---|---|---|
| | | মোট (বৈঃ মুঃ) | টাকা | প্রকল্প সাহায্য (টাকাংশ) | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

* অনুমোদন পর্যায় অর্থাৎ একনেকে উপস্থাপিত/মাননীয় পরিকল্পনা মন্ত্রীর/মাননীয় মন্ত্রীর অনুমোদনের জন্য উপস্থাপিত/পিইসি/ডিপিইসি সুপারিশকৃত (তারিখসহ), মন্ত্রণালয়ের যাচাই-বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত, ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরিত অথবা প্রেরিত হয়নি, ইত্যাদি তথ্য ৭নং কলামে উল্লেখ করতে হবে।

ছক 'ঘ -২'

# ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে প্রস্তাবিত বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প (বিনিয়োগ)
## সংক্ষিপ্ত-সার

১। মন্ত্রণালয়/বিভাগের নাম ঃ

২। বাস্তবায়নকারী সংস্থা ঃ

৩। সেক্টর ঃ

৪। সাব-সেক্টর ঃ

৫। প্রকল্পের নাম (বাংলায়) ঃ

৬। বাস্তবায়নকাল ঃ

৭। প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) ঃ

| মোট | জিওবি (বৈঃ মুঃ) | প্রকল্প সাহায্য (টাকাংশ) | প্রকল্প সাহায্যের উৎস |
|---|---|---|---|
| | | | |

৮। অনুমোদন পর্যায় ঃ

৯। প্রকল্পের উদ্দেশ্য ঃ

১০। প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের বিবরণ ঃ

| ক্রমিক নং | প্রধান অঙ্গের নাম | পরিমাণ (এককসহ) | অঙ্গের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| | | | |

১১। প্রকল্প এলাকা (জেলা ও উপজেলাসহ) ঃ

১২। বৈদেশিক সাহায্য (যদি থাকে) প্রাপ্তির সর্বশেষ অবস্থা (সমঝোতা/চুক্তি ইত্যাদি) ঃ

১৩। ইতোপূর্বে এডিপি/আরএডিপিতে অন্তর্ভুক্ত/ বরাদ্দবিহীনভাবে সংযুক্ত ছিল কি-না ঃ

১৪। সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজি এর লক্ষ্যমাত্রাসমূহের সাথে সামঞ্জস্য আছে কি-না ঃ

১৫। দারিদ্র নিরসন ও কর্মসংস্থানের জন্য সরাসরি জড়িত কি-নাঃ

১৬। জলবায়ু পরিবর্তন কার্যক্রম (অভিযোজন/প্রশমন) এর সাথে সম্পৃক্ত কি-নাঃ

১৭। পিপিপি উদ্যোগে গৃহীত প্রকল্পের সহায়ক প্রকল্প কি-নাঃ

কর্মকর্তার স্বাক্ষর ও
নাম ঃ

তারিখ ঃ
সিল

PC.04/D:\ADP 2018-19\2017-18 New Projects Proposal (Gha-2-Uma-2, Ca-1,2).doc

## ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত

## নতুন প্রকল্প প্রস্তাব

**সেক্টর ঃ**

**সাব-সেক্টর ঃ**

**উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ঃ**

সংস্থাঃ

**(লক্ষ টাকায়)**

| ক্রঃ নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | প্রাক্কলিত ব্যয় (প্রকল্প সাহায্য) | বৈদেশিক সাহায্যের সম্ভাব্য উৎস | * অনুমোদন পর্যায়সহ মন্ত্রণালয়/ বিভাগের মতামত | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগের মতামত [জাতীয় অগ্রাধিকারসহ (সর্বোচ্চ/মধ্যম/কম)] |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

(ক) বিনিয়োগ প্রকল্প

(খ) কারিগরি সহায়তা প্রকল্প

***'অনুমোদন পর্যায়' অর্থাৎ পিইসি/এসপিইসি/ডিএসপিইসি সুপারিশকৃত (তারিখসহ), একনেকে উপস্থাপিত, মাননীয়** পরিকল্পনা মন্ত্রীর/মাননীয় মন্ত্রীর অনুমোদনের জন্য উপস্থাপিত, ডিপিপি/টিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরিত অথবা প্রেরিত হয়নি, ইত্যাদি তথ্য ৬নং কলামে উল্লেখ করতে হবে।

## ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে প্রস্তাবিত বৈদেশিক সাহায্যপ্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প

## সংক্ষিপ্ত-সার

১। মন্ত্রণালয়/বিভাগের নাম ঃ

২। বাস্তবায়নকারী সংস্থা ঃ

৩। সেক্টর ঃ

৪। সাব-সেক্টর ঃ

৫। প্রকল্পের নাম (বাংলায়) ঃ

৬। প্রকল্পের ধরণ (টিক দিন) ঃ বিনিয়োগ ☐ কারিগরি সহায়তা প্রকল্প ☐

৭। বাস্তবায়নকাল ঃ

৮। প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) ঃ

| মোট | জিওবি (বৈঃ মুঃ) | প্রকল্প সাহায্য (টাকাংশ) | প্রকল্প সাহায্যের উৎস |
|---|---|---|---|
| | | | |

৯। অনুমোদন পর্যায় ঃ

১০। প্রকল্পের উদ্দেশ্য ঃ

১১। প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের বিবরণ ঃ

| ক্রমিক নং | প্রধান অঙ্গের নাম | পরিমাণ (এককসহ) | অঙ্গের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| | | | |

১২। প্রকল্প এলাকা (জেলা/উপজেলাসহ) ঃ

১৩। বৈদেশিক সাহায্য প্রাপ্তির সর্বশেষ অবস্থা/গৃহীত পদক্ষেপ ঃ

১৪। ইতোপূর্বে এডিপি/আরএডিপিতে অন্তর্ভুক্ত/বরাদ্দবিহীনভাবে সংযুক্ত ছিল কি-না ঃ

১৫। সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজি এর লক্ষ্যমাত্রাসমূহের সাথে সামঞ্জস্য আছে কি-না ঃ

১৬। দারিদ্র নিরসন ও কর্মসংস্থানের জন্য সরাসরি জড়িত কি-নাঃ

১৭। জলবায়ু পরিবর্তন কার্যক্রম (অভিযোজন/প্রশমন) এর সাথে সম্পৃক্ত কি-নাঃ

১৮। পিপিপি উদ্যোগে গৃহীত প্রকল্পের সহায়ক প্রকল্প কি-নাঃ

কর্মকর্তার স্বাক্ষর ও
নাম ঃ

তারিখ ঃ
সিল

## ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সংযুক্তির জন্য Public Private Partnership (PPP) প্রকল্পের তালিকা

সেক্টর ঃ
সাব-সেক্টর ঃ
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ঃ
সরকারি সংস্থা ঃ
বেসরকারি সংস্থা ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | অনুমোদন পর্যায় | প্রকল্পের ব্যয় | | | ২০১৮-১৯ অর্থ বছরের বরাদ্দ | | | মন্ত্রণালয়/বিভাগের মতামত | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগের মতামত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট (বৈঃ মুঃ) | বেসরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | সরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | মোট (বৈঃ মুঃ) | বেসরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | সরকারি অংশ মোট (বৈঃ মুঃ) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

# ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে সংযুক্তির জন্য প্রস্তাবিত Public Private Partnership (PPP) প্রকল্পের সংক্ষিপ্ত-সার

১। মন্ত্রণালয়/বিভাগের নাম ঃ

২। বাস্তবায়নকারী সংস্থা
(ক) সরকারি ঃ
(খ) বেসরকারি ঃ

৩। সেক্টর ঃ

৪। সাব-সেক্টর ঃ

৫। প্রকল্পের নাম
(ক) বাংলায় ঃ
(খ) ইংরেজিতে ঃ

৬। কনসেশন মেয়াদ ঃ

৭। প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) ঃ মোট-
স্থানীয় মুদ্রা-
বৈদেশিক মুদ্রা-

৮। অর্থায়ন ব্যবস্থা (লক্ষ টাকায়) ঃ মোট-
বেসরকারি সংস্থা/উদ্যোক্তা-
ঋণ-

৯। প্রকল্পের উদ্দেশ্য ঃ

১০। (ক) প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের বিবরণঃ

| ক্রমিক নং | প্রধান অঙ্গের নাম | পরিমাণ (এককসহ) | অঙ্গের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| | | | |

(খ) প্রকল্পের ফলাফল ঃ

১১। প্রকল্প ব্যয় পরিশোধ পদ্ধতি ঃ ফি/টোল/চার্জ/
ইকুইটি

১২। প্রকল্প এলাকা (জেলা ও উপজেলাসহ) ঃ

কর্মকর্তার স্বাক্ষর ও
নাম ঃ

তারিখ ঃ
সিল

ছক-'ছ'

# ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভূক্ত সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প তালিকা

সেক্টরঃ

সাব-সেক্টরঃ

মন্ত্রণালয়/বিভাগঃ

সংস্থাঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | সমাপ্তির জন্য প্রয়োজনীয় বরাদ্দ (লক্ষ টাকায়) | | |
|---|---|---|---|---|
| | | টাকা | প্রকল্প সাহায্য | মোট |
| | | | | |
| | | | | |

ছক-'জ'

## ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে শূন্য বরাদ্দ/স্থগিত/বাদপড়া/অন্য প্রকল্পের সাথে একীভূত প্রকল্প তালিকা

**সেক্টরঃ**
**সাব-সেক্টরঃ**
**মন্ত্রণালয়/বিভাগঃ**
**সংস্থাঃ**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম বাস্তবায়নকাল | প্রকল্প ব্যয় (প্রকল্প সাহায্য) | ফেব্রুয়ারি, ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | জুন, ২০১৮ পর্যন্ত সম্ভাব্য ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি | শূন্য বরাদ্দ/স্থগিত/বাদপড়া/ অন্য প্রকল্পের সাথে একীভূতকরণের কারণ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |